DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Aug 2026, 11:50 PM

ধর্ম

# হতাশাময় জীবন থেকে পরিত্রাণের দোয়া

প্রতিবেদক: ধর্ম ডেস্ক
প্রকাশের তারিখ: সোমবার, ২৭ জুলাই ২০২৬, ১১:৪৯ AM



সংগৃহীত ছবি

মানুষের জীবনে দুঃখ, দুশ্চিন্তা, হতাশা, অলসতা, ঋণের বোঝা এবং মানুষের অন্যায় আচরণএসব যেন নিত্যসঙ্গী। কখনো পারিবারিক সমস্যা, কখনো আর্থিক সংকট, কখনো ভবিষ্যতের অনিশ্চয়তা মানুষের হৃদয়কে ভারাক্রান্ত করে তোলে।

এমন কঠিন সময়ে একজন মুমিনের সবচেয়ে বড় আশ্রয় আল্লাহ তাআলা। তাই রাসুলুল্লাহ (সা.) তাঁর উম্মতকে এমন একটি মহামূল্যবান দোয়া শিখিয়েছেন, যা মানুষের অন্তরের অস্থিরতা দূর করে আল্লাহর সাহায্য ও নিরাপত্তা কামনার এক অনন্য মাধ্যম। দোয়াটি হলো
اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْهَمِّ وَالْحَزَنِ، وَالْعَجْزِ وَالْكَسَلِ، وَالْبُخْلِ وَالْجُبْنِ، وَضَلَعِ الدَّيْنِ، وَغَلَبَةِ الرِّجَالِ

উচ্চারণ : আল্লাহুম্মা ইন্নি আউজু বিকা মিনাল হাম্মি ওয়াল হুজনি ওয়াল আজযি ওয়াল কাসালি ওয়াল বুখলি ওয়াল জুবুনি ওয়া দালায়িদ দাইনি ওয়া গলাবাতির রিজালি।

অনুবাদ : হে আল্লাহ! আমি তোমার নিকট দুঃখ ও দুশ্চিন্তা থেকে, অপারগতা-অলসতা থেকে, কৃপণতা এবং কাপুরুষতা থেকে আশ্রয় প্রার্থনা করছি।


অধিক ঋণ থেকে ও খারাপ লোকের জবরদস্তি থেকেও আশ্রয় চাচ্ছি। (সহিহ বুখারি, হাদিস নং : ২৮৯৩)

---

## এ বিভাগের আরও খবর



**দাম্পত্য কলহ সমাধানে ইসলামের আটটি নির্দেশনা**
স্বামী-স্ত্রীর মধ্যে বিভিন্ন বিষয়ে মতপার্থক্য হওয়া স্বাভাবিক, যেমন অন্য মানুষের সঙ্গেও মতভেদ হয়। যদি তাঁরা ভালোবাসা, পারস্পরিক সম্মান ও প্রজ...




**ভক্তদের হৃদয়ে স্মরণীয় এক নাম আল্লামা সাঈদী**
বাংলাদেশের ইসলামি বক্তৃতার অঙ্গনে আল্লামা দেলাওয়ার হোসাইন সাঈদী ছিলেন বহুল পরিচিত একটি নাম। কোরআনের তাফসির, ইসলামি শিক্ষা ও ধর্মীয় আলোচনার...




**বন্ধু নির্বাচনে ইসলামের যে শিক্ষা জানা জরুরি**
মানুষ সামাজিক জীব। জীবনের নানা প্রয়োজনে মানুষের সঙ্গে সম্পর্ক গড়ে ওঠে। এর মধ্যে বন্ধুত্ব অন্যতম গুরুত্বপূর্ণ। একজন ভালো বন্ধু যেমন মানুষকে স...



**ঈদে মিলাদুন্নবীর তারিখ নির্ধারণে চাঁদ দেখা কমিটির সভা আজ**

১৪৪৮ হিজরি সনের পবিত্র রবিউল আউয়াল মাসের চাঁদ দেখা এবং পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) এর তারিখ নির্ধারণের লক্ষ্যে বৃহস্পতিবার (১৩ আগস্ট) জাতীয়...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/religion/htashamy-jibn-theke-pritraner-doya